**ALL INDIA RADIO**

**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**11 January 2026** **7:45 PM IST**

==========================================================================

১) উত্তর গৌহাটির রংমহলে সুসংহত বিচার বিভাগীয় আদালত প্রাংগনের ভিত্তিপ্রস্তর স্থাপন / নতুন প্রাংগন বিচার ব্যবস্থার বর্ধিত প্রয়োজনগুলি পূরণ করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার আশা প্রকাশ ।

২) আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা এ ডি আর ই তে উত্তীর্ন ২৯২ জন চা জনগোষ্ঠীর প্রার্থীকে আগামীকাল নিযুক্তিপত্র প্রদান ।

৩) আগামী এপ্রিল মাসে শূন্য হতে যাওয়া রাজ্যসভা আসনের সবকটিতে ক্ষমতাসীন বিজেপি ও এর মিত্রদলগুলি প্রতিদ্বন্দিতা করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার ঘোষনা ।

এবং

৪) ২০২৬ সালের ফিফা বিশ্বকাপ ট্রফি আজ ভারতে / আগামী মংগলবার আসামে আসার পর ট্রফির প্রদর্শন।

সুপ্রীম কোর্টের মুখ্য বিচারপতি সূর্যকান্ত আজ উত্তর গুয়াহাটীর রংমহলে সুসংহত বিচার বিভাগীয় আদালতের শিলান্যাস করেন । রাজ্যের বিচার ব্যবস্থার উত্তরণের ক্ষেত্রে এই আদালত নতুন দিগন্তের সূচনা করবে বলে মুখ্যবিচারপতি শ্রী সূর্যকান্ত আশা প্রকাশ করেন । অনুষ্ঠানে কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘোয়াল , মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , সুপ্রীম কোর্টের বিচারপতি উজ্জ্বল ভূইয়াঁ প্রমুখ উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে দেশের প্রাক্তন মুখ্য বিচারপতি রঞ্জন গগৈ ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে অংশগ্রহণ করেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা তাঁর ভাষণে বলেন যে গৌহাটী হাইকোর্টের এই নতুন প্রাঙ্গন ন্যায় ব্যবস্থার বর্ধিত প্রয়োজন সমুহ পূরণ করবে ।তিনি বিচার ব্যবস্থার পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে বলে মন্তব্য করেন।মুখ্যমন্ত্রী বলেন----
#বাইট#
উল্লেখ্য রাজ্যের আইনজীবীরা গৌহাটী হাইকোর্টকে উত্তর গুয়াহাটীতে স্থানান্তরিত করার বিরোধিতা করে আসছে এবং গুয়াহাটী হাইকোর্টের আইনজীবি সংস্থা গণতান্ত্রিকভাবে প্রতিবাদ সাব্যস্ত করে আসছে ।

---

ক্ষমতাসীম বিজেপি  ও এর মিত্রদলগুলি আগামী এপ্রিল মাসে শূন্য হতে যাওয়া আসামের তিনটি রাজ্যসভা আসনের  সবকটিতে প্রতিদ্বন্দিতা করবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা  গতকাল একথা ঘোষনা করেন । তিনি শূন্য হতে যাওয়া তিনটি আসনের মধ্যে দুটিতে জয় নিশ্চিত ও তৃতীয়

আসনটি ও বিজেপি ও মিত্রদলের লাভ করার সম্ভাবনা রয়েছে বলে জানান । তিনি বলেন যে বিজেপি, এজিপি ও মিত্রদলগুলি তিনটি আসনের জন্য প্রার্থী বাছাই করবে । উল্লেখ্য বিজেপি সাংসদ ভুবনেশ্বর কলিতা , রামেশ্বর তেলী ও নির্দল সাংসদ অজিত ভূইয়ার কার্যকাল আগামী এপ্রিল মাসে শেষ হবে । নির্বাচন কমিশনের এই আসনগুলির জন্য শীঘ্র নির্বাচনের তারিখ ঘোষনা করার সম্ভাবনা রয়েছে ।

---

আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষা - এ ডি আর ই তে উত্তীর্ণ ২৯২ জন চা - জনগোষ্ঠির প্রার্থীকে আগামীকাল নিযূক্তিপত্র প্রদান করা হবে ।আগামীকাল গুয়াহাটী মেডিক্যাল কলেজের প্রেক্ষাগৃহে আয়োজিত এক অনুষ্ঠানে প্রার্থীদেরকে নিযুক্তিপত্র প্রদান করা হবে ।
উল্লেখ্য এ ডি আর ই তে উত্তীর্ণ তৃতীয় শ্রেণীর ৬ হাজার ৩৪৭ জন প্রার্থীকে গতকাল সরুসজাইর অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে নিযূক্তিপত্র প্রদান করা হয় ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই নিযুক্তি পত্র বিতরণ করে প্রার্থীদেরকে কোন অবস্থাতেই দূর্নীতির আশ্রয় না নেবার আহ্বান জানান ।আগামী ১০ ফেব্রুয়ারীর পূর্বে সব নিযুক্তি সম্পন্ন হবে বলেও মুখ্যমন্ত্রী ঘোষণা করেন ।

---

আগামী ১৭ ই জানুয়ারী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে গৌহাটীর সরু সাজাই অজুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্পে বাগুবুম্বা নৃত্য পরিবেশন করা হবে । বিহু ও ঝুমুর বিনন্দিনীর পর বড়োদের বাগরুম্বা নৃত্যকে বিশ্ব দরবারে তুলে ধরার উদ্দেশ্যে প্রায় ১০ হাজার

শিল্পী নৃত্য পরিবেশন করবে । এই অনুষ্ঠান উপভোগ করার জন্য আগ্রহীরা নিজদের একটি বৈধ পরিচয়পত্র জমা দিয়ে অজুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া প্রকল্প , পাঞ্জাবারীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্র অথবা আমবারীর রবীন্দ্র ভবনের সাংস্কৃতিক সঞ্চালকালয়ের কার্যালয় থেকে প্রবেশ পত্র সংগ্রহ করতে পারবে । ইতিমধ্যে এই কার্যসূচীতে অংশ গ্রহণ করার জন্য বিভিন্ন জেলা থেকে শিল্পীরা গৌহাটীতে আসার জন্য প্রস্তুতি নিচ্ছেন । কোকরাঝার জেলা থেকে এক হাজার ৫১১ জন শিল্পী এই অনুষ্ঠানে অংশ গ্রহণ করবে । এই দলে নেপালের ২৩ জন ও পশ্চিমবংগের ৫১ জন শিল্পী রয়েছে ।

---

শ্রম বিভাগ অন্য রাজ্যে কাজ করতে যাওয়া আসামের শ্রমিকদের সুরক্ষার স্বার্থে শীঘ্র একটি পোর্টেল খুলবে । এই পোর্টেলে বাইরের রাজ্যে যাওয়া শ্রমিকদের বিস্তারিত তথ্য অর্ন্তভূক্ত করা হবে । শ্রম বিভাগ সূত্রে জানানো হয়েছে যে বাইরের রাজ্যে যাওয়া শ্রমিকরা সাধারনত কোনো কতৃপক্ষকে অবগত করেনা ও বিপদে পড়লে শ্রমিকদের পরিবারবর্গ সরকারী সাহায্য চায় । এদিকে সরকারের হাতে বাইরের রাজ্যে কাজ করতে যাওয়া
শ্রমিকদের সঠিক কোনো সংখ্যা থাকেনা । একথা বিবেচনা করেই শ্রম বিভাগ বাইরের রাজ্যে কাজ করতে যাওয়া শ্রমিকদের জন্য পোর্টেল খোলার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।এই পোর্টেলে শ্রমিকদের থাকার স্থান , কর্মসংস্থান প্রদানকারী প্রতিষ্ঠানের বিস্তারিত তথ্য ইত্যাদি অর্ন্তভূক্ত করা হবে ।

---

২০২৬ সালের  ফিফা বিশ্বকাপ ট্রফি বিশ্বভ্রমণের অংশ হিসেবে আজ ভারতে পৌচেছে । ১২ বছর পর ভারতে ফিরে আসা এই ট্রফি ফুটবলপ্রেমীদের মধ্যে ব্যাপক উৎসাহ ও গর্বের সৃষ্টি করেছে । নতুনদিল্লীতে আয়োজিত এক অনুষ্ঠানে ব্রাজিলের এক প্রখ্যাত ফুটবল কিংবদন্তির উপস্থিতিতে ট্রফিটির আনুষ্ঠানিক উন্মোচন করা হয় ।ভারত সফরের অংশ হিসেবে ফিফা বিশ্বকাপটি নতুনদিল্লী ছাড়া আসামে ও প্রদর্শিত হবে  । আসামের গৌহাটীতে আগামী মংগলবার ট্রফিটি এসে পৌছবে ।

---

বরখলা বিধানসভা এলাকার মাসিমপুর গ্রামে আজ বাংলাদেশের দিক থেকে আসা একটি বেলুন মাটিতে পড়ার ঘটনা নিয়ে জনসাধারণের মধ্যে চাঞ্চল্যের সৃষ্টি হয় । ঘটনার খবর পেয়ে বরখলা পুলিশ ঘটনাস্থলে পৌছে তদন্ত শুরু করে । পরে কাছাড়ের অতিরিক্ত পুলিশ সুপার সুব্রত সেন সাংবাদিকদের জানান যে বাংলাদেশের সিলেট জেলার একটি হাইস্কুলের ৬৫ বছর পালন উপলক্ষে বেলুন ওড়ানো হয়েছিল এবং তার মধ্যে একটি বেলুন মাসিমপুরে পড়ে । এতে জনসাধারণের আতঙ্কের কোন কারণ নেই বলে তিনি স্পষ্ট করে দেন ।অতিরিক্ত পুলিশ সুপার জানান ----

বাইট

---

লক্ষীপুর সমজেলা ভিত্তিক ধামাইল নৃত্য ও ধামাইল কন্যা প্রতিযোগীতা আজ ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে সম্পন্ন হয়েছে । শিলচরের সম্মিলিত লোক পরিষদ ও ফুলেরতলের সরগম শিল্পী সংঘের যৌথ উদ্যোগে আজ ফুলেরতল মাল্টিপারপাস হলে আয়োজিত ধামাইল উৎসবে মোট ৮টি দল অংশ গ্রহন করে । আজকের সমবেত ধামাইল নৃত্যে দলগত ভাবে নৃত্যাঙ্গন ধামাইল সংস্থা প্রথম , শ্রীদূর্গা ধামাইল সংঘ দ্বিতীয় এবং বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের লক্ষীপুর আঞ্চলিক সমিতি তৃতীয় স্থান লাভ করেছে । এছাড়া ধামাইল কন্যা প্রতিযোগীতায় ঈশিতা রাউত প্রথম , জয়া তালুকদার দ্বিতীয় এবং রুমা দাস তৃতীয় স্থান দখল করেছে । অনুষ্ঠানে মূখ্য অতিথি বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই বলেন যে ধামাইল নৃত্যকে বিশ্বের দরবারে পৌছে দেওয়ার অসম সরকারের পরিকল্পনা রয়েছে ।

---

আগামীকাল জাতীয় যুব দিবস । স্বামী বিবেকানন্দের জন্ম জয়ন্তী । সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও আগামীকাল বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে জাতীয় যুব দিবস পালন করা হবে । এদিকে শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের উদ্যোগে আগামীকাল এই দিবস উপলক্ষ্যে একটি শোভাযাত্রা বের হয়ে শহর পরিক্রমা করে সদরঘাটে স্বামীজীর প্রতিকৃতিতে গিয়ে শ্রদ্ধা জানাবে । এই শোভাযাত্রায় নতুনপট্টি মায়ের বাড়ি সহ সারদা সঙ্ঘের অন্যান্য শাখা, বিভিন্ন সংস্থা-সংগঠনের পাশাপাশি বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অংশগ্রহন করবে ।

---